# উপজেলা সমবায় কার্যালয়,শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন প্রকাশ।

# ২০২২-২০২৩ অর্থ বছর

***উপজেলা সমবায় কার্যালয়,শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য:***

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়,শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ গত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৭৫ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ১৬০০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্য ভুক্ত করা হয়েছে। বিগত ৩ বছরে ৫৫৪ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ৩২৫ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ২৮০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০৪১','এসডিজি'অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩বছরে ২৮০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

***সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ***

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে শিবগঞ্জ উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ২৩৬টি (জুন/২৩) । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

***ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ***

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবংট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য।সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের

মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী; সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

০১। উপজেলা সমবায় অফিসের জনবল সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | পদের নাম | মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা | মোট কর্মরত পদের সংখ্যা | মোট শূন্য পদের সংখ্যা | যে কার্যালয়ে পদ শূন্য রহিয়াছে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | উপজেলা সমবায় অফিসার | ০১ | ০১ | - | উপজেলা সমবায় কার্যালয় শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ | |
| ০২ | সহকারী পরিদর্শক | ০২ | ০২ | - | উপজেলা সমবায় কার্যালয় শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | - | ০১ | - | শূণ্যপদ |
| ০৪ | অফিস সহায়ক | ০১ | ০১ | - | উপজেলা সমবায় কার্যালয় শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ | - |
| | **উপজেলা মোট** | **০৫** | **০৪** | **০১** | | |

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | - |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ০২ |
| | মোট | ০২ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | প্রাথমিক সাধারন | ২৩৬ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৩৫৮ |
| | মোট | ৫৯৪ |

০৩।২০২১-২০২২ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ | - |
| প্রাথমিক সমিতি (সাধারণ) | ২৩৬ | ২৩৬ | ০ |
| মোট | ২৩৮ | ২৩৮ | - |

০৪।২০২০-২০২১ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ | - |
| প্রাথমিক সমিতি (সাধারণ) | ২০২ | ২০২ | - |
| মোট | ২০৪ | ২০৪ | - |

০৫। কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | - |
| কেন্দ্রীয় বিআরডিবি | ৩৫৮ |
| মোট | ৩৫৮ |

০৬। প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৭১৬০ |
| প্রাথমিক সাধারন সমিতি | ৭৩২০ |
| মোট | ১৪৪৮০ |

০৭। সমিতির আদায়কৃত মূলধনঃ

| ক্রঃনং | সমিতির প্রকার | সমিতির সংখ্যা | শেয়ার (লক্ষ টাকায়) | সঞ্চয় (লক্ষ টাকায়) | কার্যকরী মূলধন (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক সাধারন | ২৩৬ | ৪৪.২০ | ৮২.৫০ | ১২৬.৭০ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৩৫৮ | ৫৫.৬০ | ১০৭.৪১ | ১৬৩.০১ |
| | মোট | ৫৯৪ | ৯৯.৮০ | ১৮৯.৯১ | ২৮৯.৭১ |

০৮। সমিতির নিরীক্ষা/অডিট ফিঃ

| বৎসর | ধার্য (বিআরডিবি সহ) | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২২-২৩ | ৩১,৮৭০/- | ৩১,৮৭০/- | - | - | ১০০% |
| ২০২১-২২ | ৪৭,৭৬০/- | ৪৭,৭৬০/- | - | - | ১০০% |
| ২০২০-২১ | ৪৭,৪৫০/- | ৪৭,৪৫০/- | - | - | ১০০% |
| ২০১৯-২০ | ৪৫,৭৪০/- | ৪৫,৭৪০/- | - | - | ১০০% |
| ২০১৮-১৯ | ৪২,২৭০/- | ৪২,২৭০/- | - | - | ১০০% |

০৯। সমিতির সমবায় উন্নয়ন তহবিলঃ

| বৎসর | ধার্য (বিআরডিবি সহ) | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২২-২৩ | ১১,৭০৯/- | ১১,৭০৯/- | - | - | ১০০% |
| ২০২১-২২ | ১৭,৫২১/- | ১৭,৫২১/- | - | - | ১০০% |
| ২০২০-২১ | ২০,১২৯/- | ২০,১২৯/- | - | - | ১০০% |
| ২০১৯-২০ | ১৩,৬৫১/- | ১৩,৬৫১/- | - | - | ১০০% |
| ২০১৮-১৯ | ১০৮১৩/- | ১০৮১৩/- | - | - | ১০০% |

১০। নিজস্ব তহবিল থেকে কর্জ দাদন সংক্রান্ত তথ্যঃ

| নিজস্ব তহবিল থেকে কর্জ দাদনকৃত সমিতির সংখ্যা | দাদনকৃত কর্জের পরিমান | কর্জ আদায়ের পরিমান | আদায়ের হার |
|---|---|---|---|
| ১০ | ২৫,০০,০০০/- | ২০,০০,০০০/- | ৮৪% |

১১। লভ্যাংশ বিতরণ সংক্রান্ত তথ্যঃ

| অডিট বর্ষ | লভ্যাংশ বিতরণকারী সমিতির সংখ্যা | লভ্যাংশ বিতরণের পরিমান | লভ্যাংশ গ্রহনকৃত সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ২০২১-২২ | ৪০ | ০.৬০ | ৬০ জন |

১২। আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আশ্রয়ন | - | - | - | - | - | - |

১৩। ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃনং | উপজেলার নাম | ২০২০-২৩ বছরের লক্ষ্যমাত্রা | জুন/২৩মাস পর্যন্ত সমাপ্ত কোর্সের সংখ্যা | মোট কোর্সের সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী সদস্যের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | শিবগঞ্জ | ৫০ জন | ০২ | ০২ | ৫০ জন | |

১৪। আইজিএ প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| প্রশিক্ষনের ধরণ | প্রশিক্ষনার্থীর ধরণ | কোর্স সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইজিএ | সমবায়ী | ০৩ | ০ | ০২ | ০২ | |

১৫। শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ এর জন্য মনোনীত সহকর্মীগণের তথ্য

**বার্ষিক কার্যক্রমের স্থির স্থির চিত্রঃ**

২০২২-২০২৩ সনের এপিএ চুক্তি




বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
"সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক"
প্রশিক্ষণ
আয়োজনে ঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

## উপজেলা সমবায় কার্যালয়,শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক প্রদত্ত সেবা সমূহঃ

ক) সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত - ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪(সংশোধনী ২০২০)এর আওতায় সেবা সমূহ ঃ-

- অত্র দপ্তরের আওতায় সকল প্রকার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন, উপ-আইন সংশোধন নিবন্ধন এবং নিবন্ধন বাতিল এর প্রস্তাব জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করন।
- প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির যে কোন বা সকল সদস্যকে বহিস্কার অথবা সম্পূর্ণ কমিটি ভেঙ্গে দেয়া এবং অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের মাধ্যমে কমিটি পূনর্গঠন করা।
- উপজেলার সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- উপজেলার সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিদর্শন।
- সকল প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রম তদন্ত ও তদন্তের পরিপ্রেক্ষিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক সমবায় সমিতির সদস্য/ জামিনদারগনকে বকেয়া ঋণ পরিশোধের জন্য নির্দেশ প্রদান।
- সকল প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা নিয়ন্ত্রন, অডিট সম্পাদন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
- উপজেলাধীন সমবায় বিভাগীয় সকল প্রকল্প গ্রহণ এবং ঋণ দাদন ও আদায়ের তদারকীকরণ।
- প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বিক্রয় কর্মকর্তা নিয়োগ।
- যে সকল সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার কম, সে সকল সমিতির নির্বাচন কমিটি ও অন্তবর্তী ব্যবস্থা কমিটির নিয়োগ দান।
- সমবায় সমিতি সম্পর্কীত তথ্যাদি প্রদান, প্রশিক্ষণ/ ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রশিক্ষণ প্রদান, সমবায় একাডেমী ও আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষনায়তনে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রেরণ নিশ্চিতকরণ।
- সমবায় সমিতির গঠন, সঞ্চয় ও আত্মকর্মসংস্থান এবং সমবেত প্রচেষ্টার মাধ্যমে ব্যক্তি/ গোষ্ঠির উদ্বুদ্ধকরণ এবং সমিতির কার্যাদি পরিচর্যাকরণ।
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপন, সমবায়ের মাধ্যমে জনসেবা, বৃক্ষরোপন ও পানি ব্যবস্থাপনা কমিটি গঠন ।
- সমবায়ের মাধ্যমে স্থানীয় সম্পদ ব্যবহার করে প্রকল্প গ্রহণ, উহা বাস্তবায়নে উদ্বুদ্ধকরণ ও পৃষ্টপোষকতার মাধ্যমে দারিদ্র নিরসন ও আর্থ সামাজিক উন্নয়ন।

খ) বিচারিক সেবা সমূহঃ

- প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন বিষয়ে বিরোধ কর্তৃপক্ষ হিসেবে শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান।
- 

গ) প্রশাসনিক সেবা সমূহঃ

- কর্মচারীদের সার্ভিস বহি সংরক্ষণ সহ সার্ভিস বহি যাবতীয় কার্যাদি সম্পাদন করা ।
- কর্মকর্তা/ কর্মচারীদের টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশকরণ।
- কর্মচারীদের বার্ষিক বর্দ্ধিত বেতন প্রদান করা।
- কর্মচারীদের ভ্রমণ ভাতা বিষয়ের যাবতীয় কার্যক্রম নিষ্পত্তিকরণ।

ঘ) আন্তঃ বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে সেবা ঃ

- উপজেলা প্রশাসন ও অন্যান্য উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা, উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটিতে সমবায় সংক্রান্ত সমস্যা উপস্থাপন ও সমাধানের ব্যবস্থাকরণ।

- নিবন্ধক - মহাপরিচালক ও সকল উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ পালন করা ।

-

02.09.2026

(মোঃ মাহবুব আরিফ )
উপজেলা সমবায় অফিসার
শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ।